



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম ভবন, ১৯৬, শহিদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,  
বিজয়নগর, ঢাকা-১০০০  
[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)



## বিজ্ঞপ্তি

বিষয়: কর্মক্ষেত্রে আরামদায়ক তাপমাত্রা ও বিশুদ্ধ ঠান্ডা পানি সরবরাহ সংক্রান্ত বিধি  
বিধান প্রতিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সারা দেশে তীব্র  
দাবদাহের প্রেক্ষিতে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর ধারা ৫২(২) অনুসারে, প্রত্যেক  
কর্মক্ষেত্রে এমন তাপমাত্রা বজায় রাখিবার উপযুক্ত ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে সেখানে  
কর্মরত শ্রমিকগণ মোটামুটি আরামে কাজ করিতে পারেন, এবং যাহাতে শ্রমিকগণের  
স্বাস্থ্যহানি রোধ হয় এবং ধারা-৫৮(৩) ও তদ্বিতীয় বিধিমালা ৫০(৬) মোতাবেক, যে প্রতিষ্ঠানে  
সাধারণত ২৫০ জনের অধিক শ্রমিক কাজ করিয়া থাকেন উহার প্রতিটিতে প্রতি বৎসর ১  
এপ্রিল হইতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত শ্রমিকের ক্যান্টিন, খাবার ঘর এবং বিশ্রাম ঘরে পান  
করিবার জন্য যে পানি সরবরাহ করা হয় উহা পানি ঠান্ডাকরণ যন্ত্র অথবা অন্য কোন  
কার্যকর পন্থায় ঠান্ডা করিয়া সরবরাহ করিবার বিধান রহিয়াছে।

এমতাবস্থায়, কারখানা, দোকান ও প্রতিষ্ঠানে উল্লিখিত ধারা ও সংশ্লিষ্ট বিধি যথাযথভাবে  
প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হইল।

মোঃ আবদুর রহিম খান  
মহাপরিদর্শক

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

জি-৯৫৬/২৪ (৫'x৩)